



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
(সংস্থাপন শাখা)
www.sirajganj.gov.bd



স্মারক নং ০৫.৪৩.৮৮০০.০০০.০১০.১১.০০০১.২৬. ১৫৮

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩৩
১৪ অক্টোবর ২০২৬

নিয়োগ আদেশ

এ কার্যালয়ের ০৬/০৪/২০২৫ তারিখের ০৫.৪৩.৮৮০০.০১০.১১.০০১.২৪.৬৬ নম্বর স্মারকে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তি ও বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী এর ১৪/১০/২০২৬ তারিখের ০৫.৪৩.০০০০.০১০.০২.০০০৩.২৬.২১৯ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ এর ১৬তম গ্রেডের অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এর শূন্য পদে অপেক্ষমান তালিকার মেধাক্রম অনুযায়ী নির্বাচিত নিম্নোক্ত প্রার্থীর নামের পার্শ্বে বর্ণিত পদ ও বেতন গ্রেডে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো।

প্রার্থীর রোল নম্বর	নাম, মাতা/পিতার নাম ও ঠিকানা	জন্ম তারিখ	পদের নাম	জাতীয় বেতন স্কেল, ২০২৬ অনুযায়ী
১২০০৮৬৬	জনাব মোঃ হাফিজুর রহমান পিতা- আব্দুর গফুর মাতা- হালিমা খাতুন গ্রাম- রামজান চরপাড়া, ডাকঘর- রামজান-৬৭৬২ উপজেলা- উল্লাপাড়া, জেলা- সিরাজগঞ্জ	৩১/১২/১৯৯৪	অফিস সহকারী-কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক	গ্রেড- ১৬তম ২১,৯০০-৫২,৯০০/-

শর্তাবলীঃ

- ০১। তার চাকরি সরকারী বিধি মোতাবেক নিয়ন্ত্রিত হবে।
- ০২। আগামী ০১/১১/২০২৬ তারিখ জেলা প্রশাসক, সিরাজগঞ্জ বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদানে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তার এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।
- ০৩। সিভিল সার্জন, সিরাজগঞ্জ কর্তৃক প্রদত্ত শারীরিক যোগ্যতার সনদপত্র (ডোপ টেস্টের রিপোর্টসহ) যোগদান পত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে।
- ০৪। যোগদানের ০৭ (সাত) দিনের মধ্যে পুলিশি প্রত্যয়ন ফরম পূরণ করে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করতে হবে এবং পুলিশি তদন্তে প্রাপ্ত প্রতিবেদনে কোন প্রকার বিরূপ মন্তব্য পাওয়া গেলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।
- ০৫। কোন তথ্য গোপন করে কিংবা ভুল/মিথ্যা তথ্য প্রদান করে কেউ চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে এবং তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৬। তার চাকরিতে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর চাকরিকাল শিক্ষানবিশ হিসেবে গণ্য হবে।
- ০৭। তার শিক্ষানবিশের মেয়াদকালে নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করেন, তার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তার কর্মদক্ষতা অর্জনের সম্ভাবনা নাই, তাহলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে তার চাকরির অবসান ঘটাইতে পারিবে।
- ০৮। যোগদান পত্রের সাথে শিক্ষাগত ও কারিগরি যোগ্যতার সকল সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব সনদ, ব্লাড গ্রুপের প্রমাণকের সত্যায়িত ছায়াছবি, পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঞ্জন ছবি এবং চারিত্রিক সনদের মূলকপি দাখিল করতে হবে। যে কোন সনদ পত্র ভবিষ্যতে কোন সময় মিথ্যা প্রমাণিত হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

চলমান পাতা-০২

- ০৯। চাকরিরত হলে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের লিখিত অনুমতিক্রমে যোগদান করতে হবে।
- ১০। এ নিয়োগ আদেশের প্রেক্ষিতে চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারী করা হলো এবং যোগদানের তারিখ হতে এ নিয়োগ আদেশ কার্যকর হবে।

মোঃ আমিনুল ইসলাম

জেলা প্রশাসক

ফোন: ০২৫৮৮৮৩০৫২৭৯

dcsirajganj@mopa.gov.bd

তারিখ: ২৮ আশ্বিন ১৪৩৩
১৪ অক্টোবর ২০২৬

স্মারক নং ০৫.৪৩.৮৮০০.০০০.০১০.১১.০০০১.২৬. ১৫৮ (৫০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার ও সভাপতি, বিভাগীয় নির্বাচনী বোর্ড, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ০৩। জেলা প্রশাসক, ----- (সকল)
- ০৪। পুলিশ সুপার, সিরাজগঞ্জ
- ০৫। সিভিল সার্জন, সিরাজগঞ্জ
- ০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ
- ০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি/উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ
- ০৮। জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার, ----- (সকল), সিরাজগঞ্জ
- ১০। নেজারত ডেপুটি কালেক্টর, সিরাজগঞ্জ
- ১১। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয় সিরাজগঞ্জ (ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ)
- ১২। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সিরাজগঞ্জ
- ১৩। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ----- (সকল), সিরাজগঞ্জ
- ১৪। জনাব মোঃ হাফিজুর রহমান, পিতা- আব্দুর গফুর, মাতা- হালিমা খাতুন, গ্রাম- রামজান চরপাড়া, ডাকঘর- রামজান-৬৭৬২,
উপজেলা- উল্লাপাড়া, জেলা- সিরাজগঞ্জ

- ১৫। অফিস কপি

মোঃ আমিনুল ইসলাম

জেলা প্রশাসক